গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা রেজিস্ট্রার এর কার্যালয়
দিনাজপুর
dr.dinajpur.gov.bd

গণপ্র... বাং...
উপ... ...
প্রাপ্তি নং ২৭৯
তারিখ ৪/৮/২৬
পেশ/নথিভুক্ত করুন।
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়, আইন ও বিচার বিভাগ, ১৪ মাঘ ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জানুয়ারী ২০১৩ খ্রিষ্টাব্দ জারিকৃত এস.আর.ও নং-৩১ আইন/২০১৩-হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ধারা ১৫-তে প্রদত্ত ক্ষমতাবলে দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলার হিন্দু বিবাহ নিবন্ধক এর শুন্য পদটি পূরণের লক্ষ্যে ফুলবাড়ী উপজেলার স্থায়ী বাসিন্দাগণের আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহব্বান করা যাচ্ছে।

০১। প্রার্থীর যোগ্যতা:

(ক) আবেদনকারীকে সরকার কর্তৃক স্বীকৃত কোনো বোর্ড হতে কমপক্ষে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
(খ) প্রার্থীর বয়স কমপক্ষে ২৫ (পঁচিশ) এবং অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) বৎসর হতে হবে।
(গ) প্রার্থীকে ফুলবাড়ী উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
(ঘ) প্রার্থীকে অবশ্যই হিন্দু সনাতন ধর্মাবলম্বী হতে হবে।
(ঙ) হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগের ক্ষেত্রে কাব্যতীর্থ অথবা ব্যাকরণ তীর্থদের অগ্রাধীকার দেয়া হবে।

০২। আগ্রহী প্রার্থীগণ-কে সংযুক্ত "ফরম-ক" যথাযথভাবে পুরণ পূর্বক এবং নিম্নোক্ত কাহজপত্রসহ আগামী ১৬-০৮-২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদন ফরম দাখিল করতে হবে।

(ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি।
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।

০৩। নির্ধারিত ফরম (বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত) মোতাবেক দরখাস্ত ব্যতিত অন্য কোন দরখাস্ত গ্রহনযোগ্য হবে না।

বিশেষ দ্রষ্টব্য :-
অসম্পূর্ণ ত্রূটিপূর্ণ বা বিলম্বপ্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
পরবর্তী কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করা হবে।

(মোঃ সাজেদুল হক)
জেলা রেজিস্ট্রার
দিনাজপুর
তারিখ- ১৬/০৭/২০২৬ খ্রি.

স্মারক নং- ১০.০৫.২৭০০.০০১.১১.০০১.২৬-৫৯২(৬)

তারিখ- ০১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৬ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫ (পার্বতীপুর-ফুলবাড়ী) মহোদয়ের একান্ত সচিব। মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
০৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে ও তথ্য বাতায়নে প্রদর্শনের মাধ্যমে প্রচারের অনুরোধ করা হলো।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে ও তথ্য বাতায়নে প্রদর্শনের মাধ্যমে প্রচারের অনুরোধ করা হলো।
০৬। সাব-রেজিস্ট্রার, ফুলবাড়ী, দিনাজপুর। তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ড ও তথ্য বাতায়নে প্রদর্শনের মাধ্যমে প্রচারের জন্য নির্দেশ প্রদান করা হলো।
০৭। অফিস কপি।

(মোঃ সাজেদুল হক)
জেলা রেজিস্ট্রার
দিনাজপুর
তারিখ- ১৬/০৭/২০২৬ খ্রি.

**ফরম 'ক'**
**[বিধি ৬ দ্রষ্টব্য]**

# হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগের জন্য দরখাস্ত

১। প্রার্থীর নাম : ..........................................................................................

২। পূর্ণ ঠিকানা :
(ক) স্থায়ী : ..........................................................................................
(খ) বর্তমান : ..........................................................................................

৩। প্রার্থীর জন্ম তারিখ : ..................................................

৪। ধর্ম : ....................................................................

৪ক। যে এলাকার জন্য নিয়োগ পাইতে ইচ্ছুক : .....................

৫। প্রার্থীর পেশা বা চাকরি এবং বর্তমান বেতন বা অবসর ভাতার পরিমাণ (যদি থাকে) এর বিবরণ: ...............................

৬। প্রার্থীর পিতা ও মাতার নাম, পেশা ও ঠিকানা : ..........................................................................................

৭। প্রার্থীর পরিবারের বর্তমান ঠিকানা : ..........................................................................................

৮। কার্যালয় হিসাবে ব্যবহারের জন্য প্রার্থীর কোন বৈঠকঘর, অফিস বা কার্যালয় আছে কিনা ? ....................................

৯। প্রার্থী ইতিপূর্বে সরকারি চাকরি করিয়া থাকিলে, ঐ চাকরির বিস্তারিত বিবরণ এবং কখনও কোনো চাকরি হইতে বরখাস্ত হইয়া থাকিলে, তৎসংক্রান্ত বিবরণ : ..........................................................................................

১০। যাহাদের নিকট হইতে চারিত্রিক সনদপত্র সংগ্রহ করিয়া দরখাস্তের সহিত পেশ করা হইয়াছে তাহাদের নাম ও ঠিকানা: ..........................................................................................

১১। হিন্দু আইনে প্রার্থীর জ্ঞান আছে কিনা? ..........................................................................................

১২। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (পাশের সন, পরীক্ষার ফলাফল, কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান হইতে সার্টিফিকেট প্রাপ্ত উহার উল্লেখ) এবং শিক্ষাগত যোগ্যতায় বর্ণিত সকল পরীক্ষার সনদের সত্যায়িত কপি (সংযুক্তিসহ): ..........................................................................................

আবেদনকারীর স্বাক্ষর
তারিখ ................